গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা

বিষয়ঃ দশম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৬তম বৈঠকের সিদ্ধান্ত,পূর্ত অডিট অধিদপ্তরের পর্যালোচনা/মন্তব্য ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পিএ কমিটির ৩৬তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিস্পত্তির সুপারিশসহ পিএ কমিটি বরাবর প্রেরণ বিষয়ে স্হানীয় সরকার বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ ও ঢাকা ওয়াসার সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভার স্থান ঃ সভাপতির অফিস কক্ষ (ভবন নং-৭,কক্ষ ৬০৭,বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
তারিখ ঃ ১৭.০৫.২০১৬ খ্রিঃ।
সময় ঃ বিকাল ০৩ ঘটিকা।
সভাপতি ঃ সৌরেন্দ্র নাথ চক্রবর্ত্তী অতিরিক্ত সচিব(প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ,ঢাকা।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ঃ

ক্রঃ নং	নাম ও পদবী
০১।	জনাব মোঃ রইছ উদ্দিন, যুগ্মসচিব (উন্নয়ন), স্হানীয় সরকার বিভাগ।
০২।	আসমা তামকীন, যুগ্মসচিব (অডিট),স্থানীয় সরকার বিভাগ।
০৩।	জনাব কাজী আসাদুজ্জামান, উপ-সচিব (সিটি,ক-২), স্হানীয় সরকার বিভাগ।
০৪।	জনাব মোঃ ঈশান আলী রাজা বাঙ্গালী, উপ সচিব (আইন), স্হানীয় সরকার বিভাগ।
০৫।	জনাব সরোজ কুমার নাথ, উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
০৬।	জনাব ক্য সা চিং, তত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা, ঢাকা।
০৭।	মোহাম্মদ ফারুক-উজ-জামান,সিনিয়র সহকারী সচিব (পাস-৩),স্হানীয় সরকার বিভাগ।
০৮।	জনাব মোঃ আমিনুল ইসলাম, উপপ্রধান নিরীক্ষা কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৯।	জনাব সফিকুল আলম, অডিটর, ঢাকা ওয়াসা।

১। শুরুতে সভাপতি উপস্হিত সকলকে স্বাগত জানিয়ে উপস্হিত সদস্যদের পরিচিতির মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচির বিষয় উপস্হাপনের জন্য অনুরোধ জানালে যুগ্মসচিব (অডিট) জানান যে, দশম জাতীয় সংসদের সরকারি হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৬ তম বৈঠকে সিদ্ধান্তের আলোকে ঢাকা ওয়াসার আওতাধীন ঢাকা মহানগরীর জলাবদ্ধতা দূরীকরণ প্রকল্পের (২০০১-২০০৬ অর্থ বছরের) এবং ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা) কার্যালয়ের (২০০১-২০০৪ অর্থ বছরের) হিসাব সম্পর্কিত পূর্ত অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত বাংলাদেশ কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর পারফরমেন্স অডিট রিপোর্টভূক্ত (১২+১৯) ৩১টি অডিট আপত্তির বিষয়ে এ পর্যন্ত গৃহীত কার্যক্রমের বিস্তারিত উপস্হাপন করেন এবং পিএ কমিটির ৩৬তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি স্হানীয় সরকার বিভাগের মন্তব্যসহ সিএন্ডএজির কার্যালয়ের মাধ্যমে সরকারী হিসাব সংক্রান্ত স্হায়ী কমিটিতে প্রেরণের আবশ্যকতার বিষয়টি সভাকে অবহিত করেন। তিনি আরো বলেন যে সকল ক্ষেত্রে ঢাকা ওয়াসা, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, রাজউক,পূর্ত মন্ত্রণালয় এর সাথে সমন্বয়ের নির্দেশনা রয়েছে, সে ক্ষেত্রে স্ব স্ব উইং বিশেষত পানি সরবরাহ অনুবিভাগ সভার আয়োজনপূর্বক কার্যকরী ব্যবস্হা গ্রহণ করবে। এ ছাড়া আইন সংশ্লিষ্ট যে সকল আপত্তি রয়েছে সে সব বিষয়ে এটর্নী জেনারেল অফিসের সাথে সমন্বয় করে প্রমাণকসহ প্রতিবেদন উপস্হাপন করতে হবে। যুগ্মসচিব (অডিট) আরো জানান যে, দশম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৬তম বৈঠকের আলোচ্যসূচী মোতাবেক গত ১০.০২.২০১৬ তারিখে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের বিষয়ে ঢাকা ওয়াসার কার্যক্রম জানা প্রয়োজন।

২। ঢাকা ওয়াসার প্রতিনিধি জনাব ক্যা সা চিং বলেন যে, দশম জাতীয় সংসদের সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটির ৩৬তম বৈঠকের সিদ্ধান্ত,পূর্ত অডিট অধিদপ্তরের পর্যালোচনা/মন্তব্য ও ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভাকে অবহিত করেন। তবে পিএ কমিটির ৩৬তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিস্পত্তির সুপারিশসহ পিএ কমিটি বরাবর প্রেরণ বিষয়ে রিপোর্টভূক্ত (১২+১৯) ৩১টি অডিট আপত্তির প্রমাণকসহ সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রণয়নে স্হানীয় সরকার বিভাগ এর সকল অনুবিভাগের সার্বিক সহযোগিতা প্রয়োজন।

৩।   উপসচিব (সিক-২) বলেন, বিষয়টি যেহেতু এ বিভাগের অধীনস্হ সংস্হা ঢাকা ওয়াসার সেহেতু রিপোর্টভুক্ত অডিট আপত্তি সমূহ নিস্পত্তির বিষয়ে ঢাকা ওয়াসাকে অডিট আপত্তি সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের (সভা অনুষ্ঠান/দ্বিপক্ষীয় যোগাযোগ ইত্যাদির) মাধ্যমে প্রমাণকসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ জরুরী। যা পরবর্তীতে সি,এন্ড,এজির মাধ্যমে পিএ কমিটির বরাবর প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। উপস্হিত সকল সদস্য এ প্রস্তাবের সাথে ঐকমত্য পোষণ করেন।

৪।   **বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

ক. পিএ কমিটির ৩৬তম বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা, পূর্ত অডিট অধিদপ্তরের পর্যালোচনা/ মন্তব্য এবং ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠ্যান/বিভাগের সাথে সমন্বয় সাধনপুর্বক যথাযথ ও যৌক্তিক তথ্য /প্রমাণকের আলোকে আগামী ০৭ জুন/২০১৬ তারিখের মধ্যে চূড়ান্ত অগ্রগতি প্রতিবেদন ঢাকা ওয়াসা কর্তৃক স্হানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

খ. যে সকল অডিট আপত্তির ক্ষেত্রে আইনি জটিলতা রয়েছে সে সকল ক্ষেত্রে এটর্নী জেনারেল অফিসের সাথে ঢাকা ওয়াসার আইন কর্মকর্তা যোগাযোগ করে তাদের মতামতসহ অগ্রগতি প্রতিবেদন স্হানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

গ. যে সকল ক্ষেত্রে ঢাকা ওয়াসার পারফরমেন্স অডিট আপত্তির পিএ কমিটির সিদ্ধান্তসমূহের সাথে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, রাজউক এর সাথে সমন্বয়ের নির্দেশনা রয়েছে -সে ক্ষেত্রে স্হানীয় সরকার বিভাগের পানি সরবরাহ অনুবিভাগের প্রয়োজনীয় নির্দেশনা ও সমন্বয়ের মাধ্যমে ঢাকা ওয়াসা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/- ১৮.০৫.২০১৬খ্রিঃ

(সৌরেন্দ্র নাথ চক্রবর্তী)
অতিরিক্ত সচিব(প্রশাসন)
স্হানীয় সরকার বিভাগ

সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-৩ শাখা

নং-৪৬.০০.০০০০.০৫০.০০১.০০২.২০১৫ (অংশ-২)-১৫৬ /১০(১৮)   তারিখ ঃ ১৮-০৫-২০১৬ খ্রিঃ।

কার্যার্থে বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন/ পাস/উন্নয়ন), স্হানীয় সরকার বিভাগ।
০২। ব্যবস্হাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
০৩। যুগ্মসচিব (উন্নয়ন/অডিট/পাস), স্হানীয় সরকার বিভাগ।
০৪। উপসচিব (সিটি,ক-২/উন্নয়ন-১/আইন) অধিশাখা
০৫। জনাব ক্য সা চিং, তত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা, ঢাকা।
০৬। সিনিয়র সহকারী সচিব (পাস-৩),স্হানীয় সরকার বিভাগ।
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্হানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮। উপ প্রধান নিরীক্ষা কর্মকর্তা, ঢাকা ওয়াসা।
০৯। কম্পিউটার প্রোগ্রামার,স্হানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
১০। অফিস কপি/মাষ্টার কপি।

১৮।৫।১৬

(মোঃ মিজানুর রহমান মজুমদার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩১
mizan11226@gmail.com